প্রথম আলো

তারিখ: 21 FEB 2015
পৃষ্ঠা ... কলাম ...


# কালিয়াকৈরে দুই শিক্ষক ও তিন পরীক্ষার্থী বহিষ্কৃত

গাজীপুর প্রতিনিধি ●

গাজীপুরের কালিয়াকৈর উপজেলায় নকলে সহায়তা করায় শিক্ষক আবদুস সাত্তার ও মোস্তফা জামানকে বহিষ্কার করা হয়েছে। এ ছাড়া নকল করার অপরাধে আরিফ হোসেন, হাসান মিয়া ও মো. রিপন নামের তিন পরীক্ষার্থীকেও বহিষ্কার করা হয়েছে।

গতকাল শুক্রবার উপজেলার ফুলবাড়ীয়া আক্কেল আলী উচ্চবিদ্যালয় পরীক্ষা কেন্দ্র পরিদর্শনকালে ঢাকা শিক্ষা বোর্ডের একটি দল এ আদেশ দেয়। এদিকে দায়িত্ব পালনে অবহেলা ও নিয়ম ভঙের অপরাধে কেন্দ্রসচিব আবদুর রাজ্জাক ও ১১ শিক্ষককে দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

উপজেলা শিক্ষা কার্যালয় সূত্রে জানা গেছে, ফুলবাড়ীয়া আক্কেল আলী উচ্চবিদ্যালয়ে এসএসসি পরীক্ষা কেন্দ্রে গতকাল সকালে পরিদর্শনে আসে ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক সেকান্দর কুমার চন্দের নেতৃত্বে শিক্ষা বোর্ডের একটি দল। এ সময় তারা পরীক্ষা কেন্দ্রের বিভিন্ন কক্ষ পরিদর্শন করতে গিয়ে নকল করার সময় পরীক্ষার্থী আরিফ হোসেন, হাসান মিয়া ও মো. রিপনকে হাতেনাতে ধরে ফেলে। পরে তারা ওই তিন পরীক্ষার্থী ও নকলে সহায়তার অভিযোগে দায়িত্বরত শিক্ষক আবদুস সাত্তার ও মোস্তফা জামানকে বহিষ্কার করে। এ ছাড়া তারা দায়িত্ব পালনের সময় ১১ জন শিক্ষকের কাছ থেকে মুঠোফোন জব্দ করে। এ সময় তারা পরীক্ষা কেন্দ্রে অনিয়ম ও অবহেলার অভিযোগে কেন্দ্রসচিব আবদুর রাজ্জাক ও মুঠোফোন ব্যবহারকারী ওই ১১ শিক্ষককে দায়িত্ব থেকে অব্যাহতির আদেশ দেন।

পরীক্ষা কেন্দ্র পরিদর্শনকালে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ঢাকা শিক্ষা বোর্ডের উপপরিচালক ফজলে এলাহী, উপসচিব (প্রশাসন) মো. নাজমুল হক প্রমুখ।

পরীক্ষা নিয়ন্ত্রক সেকান্দর কুমার চন্দ ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।